বিশুদ্ধ
আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ
পাইবার
বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান
**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**
প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়,
বি-এ, কবিরত্ন।
ঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৮ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৫৩ ইংরাজী 22nd May. 1946 { ২য় সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৫৪ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাণ্ডো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাণ্ডো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।
মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।**
১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা

## ব্যয় নহে—সঞ্চয়

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

নূতন বীমা—১৯৪৫
১২ কোটী টাকার উপর

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্‌ঃ কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৮ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৫৩ সাল

## তুলসীবিহার মেলা

অন্যান্য বৎসরের ন্যায় এবারও স্থানীয় জমিদার বাবুদের তুলসীবিহার মেলা সম্পন্ন হইয়াছে। মেলায় অনেকগুলি দোকান আসিয়াছিল, বেচাকেনাও ভাল হইয়াছে।

---

## গরমের চরম

দিন কয়েক হইতে এতদঞ্চলে অত্যধিক গরম পড়িয়াছে। দ্বিপ্রহরের রৌদ্রতাপে রাস্তায় যাতায়াত করা খুবই কঠিন হইয়া দাঁড়াইয়াছে। গরমের জন্য রাত্রিকালে নিদ্রারও ব্যাঘাত হইতেছে।

---

## টিউবওয়েল আবশ্যক

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর প্রায় প্রত্যেক ওয়ার্ডেই টিউবওয়েল আছে। কেবলমাত্র ৫নং ওয়ার্ডে উহার অভাব পরিলক্ষিত হইতেছে। উক্ত ওয়ার্ডে প্রত্যহ বহু বিদেশী লোকের সমাগম হইয়া থাকে। পানীয় জলের জন্য প্রায় লোকই টিউবওয়েলের খোঁজ করিয়া হতাশ হইয়া ঘুরিয়া বেড়ায়। তাহারা পিপাসা নিবারণের জন্য ভাগীরথীর উত্তপ্ত জল পান করিতে বাধ্য হয়। এই ওয়ার্ডে একটি টিউবওয়েল নির্ম্মাণের জন্য আমরা মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষকে সনির্ব্বন্ধ অনুরোধ করিতেছি।

---

## তিনটি সন্তান প্রসব

লোকপাড়া দাতব্য চিকিৎসালয়ের ডাক্তার রমাপতি চট্টরাজ এল, এম, এফ মহাশয় গত ১৯শে বৈশাখ মোড়েশ্বর থানার অধীন দেনপাড়া নিবাসী রজনীকান্ত মণ্ডলের স্ত্রীর তিনটি সন্তান প্রসব করাইয়াছেন। তন্মধ্যে দুইটি পুত্র ও একটি কন্যা। প্রসূতি এবং তিনটী সন্তানই সুস্থ শরীরে আছে।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১০ই জুন ১৯৪৬

১৯৪৫ সালের ডিক্রীজারী

১১৩৭ থাং ডিঃ সেবাইত নবদ্বীপচন্দ্র দাস দিং দেং উদয়চন্দ্র দাস দিং দাবি ১১০৵৩ থানা সুতী মৌজে জলঙ্গাপাড়া ২-৩১ শতকের কাত ৩৬৸৶/১১ আঃ ৫০৲ খং ২৪।৫১২

১৯৪৬ সালের ডিক্রীজারী

২৩৭ থাং ডিঃ তারাপদ রায় দেং নীরদবরণী দেবী দাবি ১৩৸/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ৭৭ শতক মধ্যে ৩৮ শতকের কাত ১৮/৫ আঃ ১৫৲ খং ৮৪৭ অধীনস্থ ৮৪৮

১৯৮ থাং ডিঃ নীরেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং সুদর্শন মাঝি দিং দাবি ৯৸৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ৯ শতকের কাত ।/৩ আঃ ৫৲ খং ৩৯৮

১৬৩ থাং ডিঃ সেবাইত নরেশচন্দ্র ভট্টাচার্য্য দিং দেং তিনকড়ি মুখোপাধ্যায় দাবি ৪৫॥৵৩ থানা সুতী মৌজে নাজিরপুর ৬-৩৪ শতকের কাত ১০৬ আঃ ২৫৲ খং ৫৯

৩০৮ থাং ডিঃ জয়চাঁদ সেরাওগী দিং দেং জিল্লাররহমান মণ্ডল দাবি ৩১৸৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিনোদীঘি ও দয়ারামপুর ২-২৯ শতকের কাত ৪॥৴১৪ আঃ ৩৫৲

৩০৯ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ৫৩৸/৩ থানা ঐ মৌজে রামদাসটুলী সাদপুর ১-৮৫ শতকের কাত ৬/১৫ আঃ ৫০৲ খং ৩৬

৩১০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০২৩ থানা ঐ মৌজে সাদপুর বিনোদীঘি ৪-৭১ শতকের কাত ১৩/১৫ আঃ ১০০৲ খং ১১৯

৩১১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৮।০ মৌজাদি ঐ ২-২ শতকের কাত ৮৸/৩ আঃ ৬০৲ খং ১১৪

৩১২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৫৸৩ থানা ঐ মৌজে চকসাদপুর ২-৩০ শতকের কাত ১৸৶৫ আঃ ২৫৲ খং ১৮৮, ১৮৯, ১৯০

৩১৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩১৸৵০ মৌজাদি ঐ ১-৫২ শতকের কাত ৩/১০ আঃ ৩০৲ খং ২১৬

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৭ই জুন ১৯৪৬

১৯৪৫ সালের ডিক্রীজারী

৬৩৯ থাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং মফিরুদ্দিন আহাম্মদ চৌধুরী দিং দাবি ৯৭৲ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ৭৩ শতকের সেস ।৶৪ আঃ ৫৲ খং ১৩৭১

৭৬৯ থাং ডিঃ হেমচন্দ্র মিত্র দিং দেং মালাবকস বিশ্বাস দিং দাবি ২৭।৵৬ থানা সমসেরগঞ্জ মৌজে কোহতপুর ৭৮ শতকের কাত ৩৸১৩৸ আঃ ২০৲ খং ৩০৮

১৯৪৬ সালের ডিক্রীজারী

১৯৪ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং রেজাউল্লা সেখ দিং দাবি ৩৪/৩ থানা সাগরদীঘি মৌজে চাঁদপুর ১-২১ শতকের কাত ৫৸৵৬ আঃ ১০৲ খঃ ৭৯

১৯৯ থাং ডিঃ ঐ দেং তালেব মণ্ডল দিং দাবি ২০।৶৯ থানা ঐ মৌজে দক্ষিণপাড়া ১-৪৮ শতকের কাত ৫৶৫ আঃ ১০৲ খং ৮৩

২০০ থাং ডিঃ ঐ দেং মেজদ্দিন সেখ দিং দাবি ২৩।৶০ থানা ঐ মৌজে দক্ষিণগ্রাম ১-২৯ শতকের কাত ৩৸/০ আঃ ১০৲ খং ৯৯

১৬৯ থাং ডিঃ শিবদাস চট্টোপাধ্যায় দিং দেং উমরাতুন বিবি দিং দাবি ১৪৵০ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ২ শতকের কাত ১।০ আঃ ৫৲ খং ৩৩৪

১৫৬ থাং ডিং উমাচরণ দাস দিং দেং আরসাদ সেখ দিং দাবি ১২॥৶০ থানা সাগরদীঘি মৌজে গাদি ৫৯ শতকের কাত ১॥৬ আঃ ১০৲ খং ৬৭

২০৮ থাং ডিঃ ম্যানেজার নাটোর রাজ দেং অনুরাজ দত্ত দিং দাবি ৩৫৸৬ থানা সাগরদীঘি মৌজে বোখারা ১-৩৪ শতকের কাত ৯।০ আঃ ২৫৲ খং ৬৪

১৭০ থাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং কালাচাঁদ মণ্ডল দাবি ৭৶০ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ৭ শতকের কাত ॥০ আঃ ২৲ খং ৮৮৩

১৭৬ থাং ডিঃ ঐ দেং অমলেন্দ্রনাথ রায়

দাবি ।৵৬ মৌজাদি ঐ ৫৫ শতকের কাত ।৵৫ আঃ ২৲ থং ৫২০

১৭৭ থাং ডিঃ ঐ দেং ভানু ঘোষ দিং দাবি ১১।৴৩ মৌজাদি ঐ ২৫ শতকের কাত ৷৵৪ আঃ ২৲ থং ৫৪১

১৮২ থাং ডিঃ ঐ দেং অজিতকুমার ঘোষ দিং দাবি ৩৫৶৬ মৌজাদি ঐ ৭১ শতকের কাত দেওয়া নাই থং ১২৮৫

১৮৫ থাং ডিঃ ঐ দেং শৈলবালা রায় দাবি ২৮।০ মৌজাদি ঐ ১-১৮ শতকের কাত ৪৶১০ আঃ ১৫৲ থং ৮৩৮

১৮৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮।৵৬ মৌজাদি ঐ ৭৭ শতকের কাত ২।৶৩ আঃ ১৫৲ থং ৭৮৯

১৮৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬৶৬ মৌজাদি ঐ ১-২৪ শতকের কাত ৩৸৶৬ আঃ ২০৲ থং ৯৯০

১৮৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৸৴০ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ১।০ আঃ ৫৲ থং ১১৯১

১৮৮ থাং ডিঃ ঐ দেং রগুল মহম্মদ মণ্ডল দাবি ৭।৵৩ মৌজাদি ঐ ১৯ শতকের কাত ৸৩ আঃ ৩৲ থং ১৯১৮

১৭২ থাং ডিঃ ঐ দেং নকুল সেখ দাবি ১৯।৴৯ থানা ফরক্কা মৌজে ফুলন্দর ১-২৬ শতকের কাত ৩।৵৯ আঃ ১০৲ থং ২৮৬

১৭৫ থাং ডিঃ ঐ দেং মোকসদ সেখ দাবি ৭।৴০ থানা ঐ মৌজে মহাদেবনগর ২৯ শতকের কাত ৶২ আঃ ২৲ থং ৩১৩

১৭৯ থাং ডিঃ ঐ দেং হেমচন্দ্র মিত্র দাবি ১৪৴৩ মৌজাদি ঐ ৪১ শতকের কাত ।৶৬ আঃ ২৲ থং ৯০৪

১৯৩ থাং ডিঃ ঐ দেং অনন্তলাল মণ্ডল দাবি ১৯।৶৩ থানা ঐ মৌজে থাপড়া ৮৸০। জমির কাত ১৩।৵৯

১৯০ থাং ডিঃ ঐ দেং করিম সেখ দাবি ৯৵৬ থানা ঐ মৌজে মমরেজপুর ২২ শতকের কাত ৸৬ আঃ ৪৲ থং ১০৭৩

১৭৩ থাং ডিঃ সৌদামিনী রায় দেং এসাদ্দি সেখ দাবি ১৭৷৴০ থানা ফরক্কা মৌজে ফুলন্দর ৬৫ শতকের কাত ১৸৴৯ আঃ ৫৲ থং ৯৭৯

২০১ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং জগবন্ধু সিংহ দাবি ২৫৯।৴৯ থানা ফরক্কা মৌজে শিবতলা ৬-২৩ শতকের কাত ২৬।৴০ আঃ ১০০৲ থং ১১৫০

২১৫ থাং ডিঃ কৃষ্ণচন্দ্র সাহা দিং দেং সুধাংশুভূষণ মজুমদার দিং দাবি ১৯৷৶০ থানা সমসেরগঞ্জ মৌজে সেরপুর ১-৩ শতকের কাত ২৷৭৷ আঃ ১৫৲ থং ১৩২ অধীনস্থ ১৩৪

---

## পুলিশের বেতন বৃদ্ধি

বাঙ্গালা গভর্ণমেণ্ট বাঙ্গালা পুলিশ বিভাগের ইন্সপেক্টর হইতে কনেষ্টবল পর্য্যন্ত সকলেরই কলিকাতা পুলিশের মত বেতন বৃদ্ধি করিয়াছেন; চলতি আর্থিক বৎসর হইতেই তাহারা বর্দ্ধিত হারে মাহিনা পাইবে। কনেষ্টবলরা বর্ত্তমান বেতনের উপর আরও ৪৲ টাকা করিয়া পাইবে। জমাদারেরা ৯৲ টাকা ও এসিষ্টাণ্ট সাব ইন্সপেক্টরেরা বর্ত্তমান বেতনের উপর ২০৲ টাকা করিয়া বেশী পাইবে। সাব ইন্সপেক্টর ও ইন্সপেক্টরদের বর্ত্তমান বেতনের শতকরা সাড়ে বার টাকা হারে বেতন বৃদ্ধি করা হইয়াছে।

---

## গ্রামে বোমা বিস্ফোরণ

খুলনা, ডাকোপ থানার অন্তর্গত বাণীশান্তা হইতে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ, একটি বোমা বিস্ফোরণের ফলে ৫ জনের মৃত্যু হইয়াছে। এই দুর্ঘটনার বিস্তৃত বিবরণ এখনও জানা যায় নাই। প্রকাশ, একটি বৃদ্ধ, একটি রমণী এবং তিনটি বালক নিহত হইয়াছে। বিস্ফোরণ এত প্রচণ্ড হইয়াছিল যে, বালকগণ প্রায় ১৫ ফুট উর্দ্ধে উৎক্ষিপ্ত হইয়াছিল।

---

## উচ্ছৃঙ্খলতা দমনে গভর্ণমেণ্টের দৃঢ় সংকল্প

### প্রধান মন্ত্রীর আশ্বাসবাণী

ঢাকা ময়মনসিং অঞ্চলের রেলপথে যে ডাকাতি ও লুটতরাজের সংবাদ পাওয়া যাইতেছে তৎসম্পর্কে আলোচনার জন্য ঢাকার বিভিন্ন কেন্দ্র হইতে বঙ্গীয় ব্যবস্থা পরিষদে নির্ব্বাচিত সদস্যদের প্রতিনিধি ১৫ই মে তারিখে রাইটার্স বিল্ডিং এ বাঙলার প্রধান মন্ত্রী মাননীয় মিঃ এইচ, এস, সুরাবর্দ্দীর সহিত সাক্ষাৎ করেন। উচ্ছৃঙ্খলতা দমনের জন্য গভর্ণমেণ্ট বদ্ধপরিকর হইয়াছেন বলিয়া তিনি আশ্বাস দেন। এ সম্পর্কে প্রতিনিধিমণ্ডলী যে পরামর্শ দেন তাহা মাননীয় প্রধান মন্ত্রীর বিবেচনাধীন আছে।

---

## ঢেঁকি ছাঁটা চাউল

কলিকাতায় ঢেঁকি ছাঁটা সিদ্ধ চাউল পাওয়া যাইতেছে। যে সমস্ত রেশনের দোকানে এই প্রকার চাউলের চাহিদা আছে সেখানে উহা সরবরাহ করা হইতেছে। উহার চাহিদা বৃদ্ধি পাইলে অন্যান্য রেশন এলাকায় উহা সরবরাহ করা হইবে। কলিকাতায় এবং অন্যান্য রেশন এলাকায় নিয়মিতভাবে ঢেঁকি ছাঁটা চাউল পাওয়া যায় না বলিয়া যে সংবাদ প্রকাশিত হইয়াছে তাহা সত্য নহে।

---

## কুচবিহারের সহিত চাউল বিনিময়

মান্দ্রাজে চাউলের জরুরী প্রয়োজন থাকায় কুচবিহারে সম্প্রতি যে শস্য উৎপন্ন হইয়াছে, তাহা হইতে ৪০০০ টন চাউল লইবার চুক্তিতে বাঙলা গভর্ণমেণ্ট ভারত গভর্ণমেণ্টের অনুরোধক্রমে, কলিকাতা গুদামের বহু দিনের সঞ্চিত ৪০০০ টন চাউল মান্দ্রাজ গভর্ণমেণ্টকে দিতে সম্মত হইয়াছেন। কুচবিহার হইতে ঐ চাউল ক্রয়ের ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

---

## নূতন মুন্সেফ

বাবু নিরঞ্জন সরকার, বাবু লোকেশচন্দ্র ব্যানার্জ্জী ও বাবু রাধাবল্লভ সাহা বেঙ্গল সিভিল সার্ভিস ( জুডিশিয়েল ) -এ শিক্ষানবীশ মুন্সেফ নিযুক্ত হইয়াছেন।

---

## আসানসোল কলেজ

বিশেষ আনন্দের কথা যে আসানসোল কলেজ কর্ত্তৃপক্ষ আগামী সেসন হইতে আসানসোল কলেজ বি, এ, ক্লাস খুলিবার জন্য চেষ্টা করিতেছেন। তাঁহাদের এ চেষ্টা ফলবতী হইলে আসানসোলের জনসাধারণ উপকৃত হইবে।

---


মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED.

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
মূল্য ছয় পয়সা
পণ্ডিত প্রেসে পাইবেন।




সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে

দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত